

জি.ই.পি./ই-মেইল/ফ্যাক্সযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর  
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা  
[www.dncrp.gov.bd](http://www.dncrp.gov.bd)

নং-২৬.০৮.০০০০.১০৮.২৩.২৬.১৮. ১০৮


তারিখঃ ১৪ ফেব্রুয়ারি ২০১৮

বিষয়ঃ ১৫ মার্চ ২০১৮ বিশ্ব ভোক্তা অধিকার দিবস উদযাপন।

আগামী ১৫ মার্চ ২০১৮ বিশ্ব ভোক্তা অধিকার দিবস। কনজুমার্স ইন্টারন্যাশনাল (সিআই) এর উদ্যোগে বাংলাদেশসহ বিশ্বের ১২০টি দেশে ২৪০টিরও বেশি সংস্থা এ দিবসটি বিভিন্ন কর্মসূচির মাধ্যমে উদযাপন করে আসছে। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) যৌথভাবে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে দেশব্যাপী দিবসটি উদযাপন করার উদ্যোগ গ্রহণ করেছে। এ বছর দিবসটির প্রতিপাদ্য “ডিজিটাল বাজার ব্যবস্থায় অধিকতর অঙ্গতা ও ন্যায্যতা নিশ্চিকরণ”।

স্থানীয় জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ও কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) যৌথভাবে জেলা পর্যায়ে সেমিনারটি অনুষ্ঠানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

দিবসটি উদযাপনের ব্যয় নির্বাহের জন্য আগনার অনুকূলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হবে। দিবসটি উদযাপনাতে গৃহীত কর্মসূচির একটি সচিত্র প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। তাছাড়া অধিদপ্তরের জেলা কার্যালয়ের সহকারী পরিচালক/ সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) আগনাকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

  
(মোঃ শফিকুল ইসলাম খান)

মহাপরিচালক

ফোনঃ ৮১৮৯৮২৬

ই-মেইলঃ dg@dncrp.gov.bd

জেলা প্রশাসক

ও

সভাপতি

..... জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি, .....

অনুলিপি(জ্যোত্তার ক্রমানুসারে নথি):

- ১। উপপরিচালক, ----- বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর,-----।
- ২। মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সহকারী পরিচালক (পরিষদ ও অর্থ), জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা। (তাঁকে জেলা প্রশাসকগণের (বিভাগীয় সদর জেলা ব্যতীত) অনুকূলে বাজেট প্রদানের অনুরোধ করা হলো)।
- ৫। সহকারী পরিচালক, ----- জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর,-----।  
(জেলা প্রশাসকের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করে দিবসটি উদযাপনের অনুরোধসহ)।
- ৬। সভাপতি, কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), ঢাকা।